(১৪)

সংবাদ

তারিখ ... ২৭/৫/৮৩ ...
পৃষ্ঠা ... কলাম ... ২ ...

# এইচ এস সি পরীক্ষা শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল বৃহস্পতিবার দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে।

পরীক্ষার প্রথম দিনে গতকাল

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

020



গতকাল বৃহস্পতিবার এইচএসসি পরীক্ষার প্রথম দিনে ঢাকার একটি কেন্দ্রের ছবি। —সংবাদ

## এইচ এস সি পরীক্ষা শুরু

(১ম পাতার পর)

বাংলা দু'টি পত্রের পরীক্ষা হয়েছে।

দেশের কোনো জায়গা থেকেই কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। তবে পরীক্ষার দিনে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানের পরীক্ষা কেন্দ্র থেকে মোট ৩২জন পরীক্ষার্থীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্যে বহিষ্কার করা হয়েছে।

ঢাকার সোহরাওয়ার্দী কলেজ থেকে ৬ জন, শেখ বোরহানউদ্দিন কলেজ থেকে ৩জন, টঙ্গীর একটি কেন্দ্র থেকে ১জন নরসিংদী থেকে ১ জন ও মানিকগঞ্জ ঘিওর কলেজ থেকে ১ জনসহ ঢাকা বোর্ডের অধীনস্থ ১৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এদের অধিকাংশই বিকেলের পালার বাংলা ২য় পত্রের পরীক্ষার সময় বহিষ্কৃত হয় বলে ঢাকা বোর্ডের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন।

ঢাকা মহানগরীর পরীক্ষা কেন্দ্রগুলোতে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা হলেও কয়েকটি কেন্দ্রে বিদ্যুতের অভাবে অসুবিধা হয়েছে বলে পরীক্ষার্থীরা অভিযোগ করেছেন। এসব কেন্দ্রের মধ্যে রয়েছে বদরুন্নেসা মহিলা মহাবিদ্যালয়।

বাসস জানাচ্ছে যে, পরীক্ষার প্রথম দিনে শিক্ষামন্ত্রী জনাব আবদুল মজিদ খান তিনটি পরীক্ষা কেন্দ্র আকস্মিক পরিদর্শনে যান। কেন্দ্রগুলো হচ্ছে ঢাকার ইডেন মহিলা মহাবিদ্যালয়, শিবপুর শহীদ আসাদ স্মৃতি কলেজ ও নরসিংদী সরকারী মহাবিদ্যালয়। এ সময় শিক্ষামন্ত্রীর সাথে ঢাকা বোর্ডের চেয়ারম্যান ও শিক্ষা মন্ত্রণালয়ের কয়েকজন উচ্চপদস্থ কর্মকর্তাও ছিলেন। শিক্ষামন্ত্রী কেন্দ্রগুলোতে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ দেখে সন্তোষ প্রকাশ করেন।

### চট্টগ্রাম

চট্টগ্রাম থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন যে, গতকাল পটিয়া সরকারী কলেজ থেকে ১ জন ও সাতকানিয়া সরকারী কলেজ থেকে ৩জন বহিষ্কৃত হয়েছে।

### যশোর

যশোর থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা টেলিফোনে জানিয়েছেন যে, উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনে গতকাল বৃহস্পতিবার যশোর বোর্ডের ১৫জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে যশোর সিটি কলেজ কেন্দ্র থেকে ৪জন, মহিলা কলেজ কেন্দ্র থেকে ৩, এম এম কলেজ কেন্দ্র থেকে ৩, বরিশাল হাতেম আলী কলেজ ১, বরিশাল কলেজ ১, বরিশাল মহিলা কলেজ ১, খুলনা কলেজ ১ ও এম এম সিটি কলেজ কেন্দ্র থেকে ১জনকে বহিষ্কার করা হয়।

### নরসিংদী

নরসিংদী থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা টেলিফোনে জানান: নরসিংদী কেন্দ্র থেকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে গতকাল একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।